

## গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশে সংক্রামক ব্যাধি করোনা (COVID-19) ভাইরাস এর প্রাদুর্ভাব দেখা দিয়েছে। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট সর্বসাধারণকে নিম্নবর্ণিত নিয়মাবলী/নির্দেশনাবলী মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১. সকল ধরনের গণজমায়েত, ওয়াজ মাহফিল, ধর্মীয় সভা-সমাবেশ, কীর্ত্তন, প্রার্থনা অনুষ্ঠান, ওরশ, মেলা, রাজনৈতিক, সামাজিক ও পারিবারিক আচার অনুষ্ঠানাদি আয়োজন নিষিদ্ধ করা হলো।
২. জরুরী প্রয়োজন ছাড়া হাট-বাজার, গণপরিবহন, দোকানপাট, অফিস-আদালত এরূপ স্থানে গমনাগমন থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।
৩. যে কোন প্রকার সর্দি-কাশি, ঠাণ্ডাজনিত জ্বর কিংবা করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার প্রাথমিক লক্ষণ দেখা দিলে তাৎক্ষণিকভাবে নিকটস্থ হাসপাতাল কিংবা চিকিৎসকের পরামর্শ নেয়ার জন্য অনুরোধ করা হলো।
৪. গত ০১ মার্চ, ২০২০ হতে সুনামগঞ্জ জেলায় যে সকল প্রবাসী বিদেশ হতে আগমন করেছেন তাদেরকে আবশ্যিকভাবে কোয়ারেন্টাইন এর শর্তাবলী অনুসরণসহ পৃথক গৃহ/কক্ষে ১৪(চৌদ্দ)দিন অবস্থান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো এবং তাকে পরিবারের অন্যান্য সদস্যদের সংস্পর্শ বা মেলামেশা হতে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।
৫. সুনামগঞ্জ জেলাধীন বিভিন্ন ধরনের বিনোদন কেন্দ্র ও পর্যটন স্পটে ভ্রমণ/গমনাগমন থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।
৬. ক্ষেত্র বিশেষে বর্ণিত নিয়মাবলী/নির্দেশনাবলী অমান্যকারীদের বিরুদ্ধে প্রচলিত আইন ও বিধি-বিধান অনুযায়ী শাস্তি প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোহাম্মদ আব্দুল আহাদ  
জেলা প্রশাসক, সুনামগঞ্জ  
ফোন: ০৮৭১ ৬২০০০